# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম

**১। সংক্ষিপ্ত পরিচিতিঃ**

“চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ” চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার জন্য একটি সংবিধিবদ্ধ পরিকল্পনা এবং উন্নয়ন প্রণয়নমূলক কর্তৃপক্ষ, যা ১৯৫৯ সালে চউক অধ্যাদেশ-১৯৫৯ এর আলোকে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছিল। বর্তমানে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৮ এর বিধি-বিধান এর আলোকে কর্তৃপক্ষ পরিচালিত হচ্ছে। “চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ” প্রতিষ্ঠার মূল লক্ষ্য ছিল চট্টগ্রাম শহর ও এর আওতাধীন এলাকার পরিকল্পিত ও সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন। ভৌগোলিক ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অবস্থানের কারণে চট্টগ্রামের উন্নয়ন বাংলাদেশের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। প্রাচীণ এই নগরীর নগরায়রনের ক্রমবর্ধমান ধারার  প্রতি দৃষ্টি রেখে নগরায়নের ধারাকে পরিকল্পিত এবং টেকসই করার লক্ষ্যে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কাজ করে যাচ্ছে।

**২। ভিশন:**

পরিকল্পিত, টেকসই ও জনবান্ধব চট্টগ্রাম মহানগরী বাস্তবায়ন।

**৩। মিশনঃ**

নগরবাসীর ক্রমবর্ধমান চাহিদার আলোকে ও পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অবকাঠামোগত উন্নয়ন, পরিকল্পিত নির্মাণ অনুমোদন ও নিয়ন্ত্রণের মাধ্যমে নগরবাসীর জন্য একটি টেকসই জনবান্ধব ও বাসযোগ্য চট্টগ্রাম মহানগরী বাস্তবায়ন।

**৪। প্রধান দায়িত্ব ও কার্যাবলি:**

চউক এর প্রধান ভূমিকাঃ-

- পরিকল্পিত উন্নয়ন ও অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রণ
- উন্নয়ন ত্বরান্বিত করা
- উন্নয়নের অনুমোদন

চউকের মূল কাজসমূহ নিম্নরূপঃ-

- চট্টগ্রাম শহর ও তার পার্শ্ববর্তী এলাকার জন্য একটি উন্নয়ন মহাপরিকল্পনা তৈরি করা এবং তার নিয়মিত উন্নয়ন।
- চট্টগ্রাম শহরের উন্নয়ন ও সম্প্রসারণের জন্য স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন। এই পরিকল্পনার আওতায় রয়েছে নতুন রাস্তা নির্মাণ, শহরের প্রধান সড়কসমূহ প্রশস্তকরণ ও উন্নয়ন, বাণিজ্যিক বিতান নির্মাণ, শিল্প, আবাসিক এলাকার উন্নয়ন এবং বাণিজ্যিক প্লটসহ অন্যান্য প্রয়োজনীয় শহর কেন্দ্রিক উন্নয়ন।

- সরকার অনুমোদিত চট্টগ্রাম শহরের মহাপরিকল্পনা এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অধ্যাদেশের আলোকে স্ট্রাকচার প্ল্যান অনুযায়ী পরিকল্পনা নিয়ন্ত্রণ ও উন্নয়ন।
- বাংলাদেশ ইমারত নির্মাণ বিধিমালা- ১৯৫২ ও তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রণ।

**৫. প্রণীত/প্রণয়নাধীন আইন/বিধিমালা/নীতিমালা সংক্রান্ত তথ্য:** চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৮ মহান জাতীয় সংসদে অনুমোদন প্রদান করা হয়।

**৬. প্রশাসনিক কার্যক্রম:**

- দাপ্তরিক কার্যক্রম সুচারুরুপে সম্পন্ন করার লক্ষ্যে ই-নথির ব্যবহার বৃদ্ধি।
- চউক এর কর্মকর্তা/ কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন।চউক এর শুণ্যপদ পুরণের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ।
- সোনালী ব্যাংক লিঃ এর সঙ্গে চউক এর চুক্তি স্বাক্ষর।
- বিডা এর সঙ্গে চউক এর ভূমি ব্যবহার ছাড়পত্র ও নির্মাণ অনুমোদন সংক্রান্ত অনলাইন সেবাসমূহের ইন্টিগ্রেশন।
- চউক চেয়ারম্যান মহোদয়ের গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হতে জাতীয় শুদ্ধাচার পুরস্কার গ্রহণ।
- চউক কল সেন্টার -১৬১১২ এর শুভ উদ্বোধন।
- বিভাগীয় ও জেলা পর্যায়ে বিভিন্ন উদ্ভাবনী, উন্নয়ন ও ডিজিটাল মেলায় অংশগ্রহণ করা হয়।

**৭. পরিকল্পিত নগরায়নঃ**

চট্টগ্রামের বর্তমান অবস্থার প্রেক্ষাপটকে বিবেচনায় এনে বিগত ষ্ট্রাকচার প্ল্যানের মূলনীতি এবং গাইডলাইনস গুলোকে পুন:মূল্যায়ন করে চট্টগ্রাম মহানগরীর ভবিষৎ উন্নয়ন কর্মকান্ড পরিচালনার জন্য একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্তে জিওবি অর্থায়নে ৩৩৩২.৮৮ লক্ষ টাকা ব্যয়ে সিডিএ বাস্তবায়ন করছে রিভিউ অফ চিটাগাং মেট্রোপলিটন মাষ্টার প্ল্যান (২০২১-২০৪১)" শীর্ষক প্রকল্প। এছাড়া পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে উন্নয়ন অনুমোদন ও অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রনে সিডিএ কাজ করে চলেছে। বিগত ২০০৯ হতে ২০২৩ পর্যন্ত সিডিএ প্রায় ৩০,০০০ নকশা অনুমোদন প্রদান করেছে।

**৮. ডিজিটাইলাইজেশনঃ**

২০০৮ সাল হতে সিডিএ ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে বিরামহীন কাজ করে চলেছে। সকল নাগরিক সেবা অনলাইন ভিত্তিক প্রদানের জন্য ইতোমধ্যে ভূমি ব্যবহার ছাড়পত্র, নির্মাণ অনুমোদন, বিশেষ প্রকল্প ছাড়পত্র, জিআইএস ভিত্তিক ল্যান্ড রেকর্ড ম্যনেজম্যন্ট সিস্টেম, ইঞ্জিনিয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস ডাটাবেইজ সিস্টেম, ব্যবহার সনদ সিস্টেম, সিডিএর অভ্যন্তরীন ব্যবহারের জন্য চালু করা হয়েছে একাউন্টস অ্যান্ড ফাইন্যান্সিয়াল মেনেজম্যন্ট সিস্টেম, পে-রোল সিস্টেম, বাজেট মনিটরিং সিস্টেম, পেনশন সিস্টেম ইত্যাদি।

বঙ্গবন্ধুকে সহজ ভাবে জানতে সিডিএ চালু করেছে "বঙ্গবন্ধু সার্চ ইঞ্জিন"।

**৯. জনবলঃ** চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ হতে ৯৮ টি পদের বিপরীতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে

**১০. চলমান ও সমাপ্ত প্রকল্পের বিবরণঃ**

| | |
|---|---|
| | **২০০৯ হতে  ২০২৩ অর্থ বছর পর্যন্ত চউকের সমাপ্ত প্রকল্পের তালিকা** |
| ১ | **"সাগরিকা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (পোর্ট কানেকটিং জংশন থেকে জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম পর্যন্ত)"** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৭৩৯.১২ লক্ষ টাকা ব্যয়ে ১.৫ কি:মি: দৈর্ঘ্য ও ৩৬.৫৭ মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃজুলাই ২০১০ হতে জুন ২০১১ ।<br> <br>চিত্র-১: সদরঘাট রোডের সম্প্রসারণ ও উন্নয়ন |
| ২ | **"সদরঘাট ও ফিরিঙ্গী বাজার রোডের সম্প্রসারণ ও উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ২৪৪৬.০০ লক্ষ টাকা ব্যয়ে ৩.০০ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ ২০০৮-০৯ হইতে ২০০৯-১০ পর্যন্ত।<br><br>চিত্র-২: সদরঘাট রোডের সম্প্রসারণ ও উন্নয়ন |

| | |
|---|---|
| ৩ | **“সিরাজউদ্দৌল্লা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (আন্দরকিল্লা জংশন থেকে চকবাজার পর্যন্ত)”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ২৪২৯.৪৭ লক্ষ টাকা ব্যয়ে ১.৮৬ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ ২০০৭-২০০৮ হতে ২০০৮-২০০৯ পর্যন্ত । <br> <br>চিত্র-৩: সিরাজউদ্দৌলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন |
| ৪ | **“বায়েজীদ বোস্তামী রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (প্রবর্তক মোড় থেকে অক্সিজন জংশন পর্যন্ত)”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ২৪৯৩.৭৬ লক্ষ টাকা ব্যয়ে ৫.৫০ কি:মি: দৈর্ঘ্য ও ২৮ মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ ২০০৮-০৯ হতে ২০০৯-১০ পর্যন্ত। <br><br>চিত্র-৪: বায়েজীদ বোস্তামী রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (বর্তমান অবস্থা) |

৫ **“ঢাকা ট্রাংক রোড থেকে বায়েজীদ বোস্তামী রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৩৭৬২.৩৮ লক্ষ টাকা ব্যয়ে ৬.০ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ ১৯৯৮-৯৯ হতে ডিসেম্বর, ২০১০ পর্যন্ত ।





চিত্র-৫: ঢাকা ট্রাংক রোড হতে বায়েজিদ বোস্তামী রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ (বর্তমান অবস্থা)


৬ **“কাপাসগোলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (গণিবেকারী থেকে বহদ্দারহাট জংশন পর্যন্ত)”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৯০১০.২৩ লক্ষ টাকা ব্যয়ে ৫.৫ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৪।





চিত্র-৬: কাপাসগোলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (গণিবেকারী থেকে বহদ্দারহাট জংশন পর্যন্ত)

| | |
|---|---|
| ৭ | **“কদমতলী জংশনে ফ্লাইওভার নির্মাণ”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৫৮২২.০৫ লক্ষ টাকা ব্যয়ে ১১০০ মিটার দৈর্ঘ্য ও ৮.৫ মিটার প্রস্থ বিশিষ্ট ফ্লাইওভার নির্মিত, বাস্তবায়নকালঃ জানুয়ারী, ১০ - জুন, ১৫ ।<br><br><br>চিত্র-৭: কদমতলী জংশনে ফ্লাইওভার নির্মাণ । |
| ৮ | **“পাঠানটুলী রোডের সম্প্রসারণ ও উন্নয়ন”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৪০৩৮.৯০ লক্ষ টাকা ব্যয়ে ৩.৮ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ পর্যন্ত।<br><br>চিত্র-৮: পাঠানটুলী রোডের সম্প্রসারণ ও উন্নয়ন |

| | |
|---|---|
| ৯ | **"ঢাকা ট্রাংক রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (দেওয়ান হাট জংশন হতে অলংকার মোড় পর্যন্ত)"** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৯৫৫১.৫৬ লক্ষ টাকা ব্যয়ে ৫.২ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা এবং ৫৬০ মিটার দৈর্ঘ্য ও ৮.৫ মিটার প্রস্থ বিশিষ্ট আর.সি.সি. ওভার ব্রীজ নির্মিত, বাস্তবায়নকালঃ এপ্রিল, ২০১১ - জুন, ২০১৫।<br> <br>চিত্র-৯: ঢাকা ট্রাংক রোডের (দেওয়ান হাট জংশন হতে অলংকার মোড় পর্যন্ত) নির্মান। |
| ১০ | **"হাটহাজারী রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (অলি খাঁ মসজিদ থেকে মুরাদপুর জংশন পর্যন্ত)"** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৭৩৫৯.৪০ লক্ষ টাকা ব্যয়ে ৪.৪৯ কি:মি: দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ জানুয়ারী, ১১- জুন, ১৫।<br> <br>চিত্র-১০: হাটহাজারী রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (বর্তমান অবস্থা)। |

১১ **“ডিসি রোডের সম্প্রসারণ ও উন্নয়ন”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ২৩১২.৪৮ লক্ষ টাকা ব্যয়ে চকবাজার, বাকলিয়া, চট্টগ্রাম কলেজ এলাকার মধ্যে যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে দিদার মার্কেট হতে মৌসুমি আ/এ পর্যন্ত ১.২২ কি:মি: দৈর্ঘ্য ও ৯.০ মিটার প্রস্থবিশিষ্ট রাস্তা নির্মাণ।

বাস্তবায়নকাল:- জুলাই, ২০১৩ হতে জুন,২০১৭ পর্যন্ত।





চিত্র-১১: ডিসি রোডের সম্প্রসারণ ও উন্নয়ন।

১২ **“মুরাদপুর, ০২ নং গেইট ও জিইসি জংশনে ফ্লাইওভার নির্মাণ”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৬৯৬৩৪.৪৪ (জিওবি- ৬৭১৩৪.৪৪ সিডিএ- ২৫০০.০০) লক্ষ টাকা ব্যয়ে মুরাদপুর থেকে লালখান বাজার পর্যন্ত ৩.৬৫ কি:মি: দৈর্ঘ্য ও ১৬.৫ মি: প্রস্থ বিশিষ্ট ৪ লেইন এর মূল ফ্লাইওভার নির্মাণ এবং ২নং গেইট হতে জিইসি জংশনে ৪ (চার) টি র‍্যাম্প সহ সর্বমোট ৬.১৮ কি:মি: ফ্লাইওভার নির্মাণ ।

বাস্তবায়নকাল :জুলাই,২০১০ হতে ডিসেম্বর’ ২০১৮





চিত্র-১২ঃ মুরাদপুর,০২ নং গেইট ও জিইসি জংশনে ফ্লাইওভার নির্মাণ

| | |
|---|---|
| ১৩ | **“ডেভেলপমেন্ট অব রোড নেটওয়ার্ক এট মোহরা, চিটাগং”** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ১৮০৪.৮৮ লক্ষ টাকা ব্যয়ে ১০.৪৬ কি:মি: দৈর্ঘ্যের ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ নভেম্বর, ১৩ হতে জুন, ১৫ ।<br><br>চিত্র-১৩: ডেভেলপমেন্ট অব রোড নেটওয়ার্ক এট মোহরা, চিটাগং। |
| ১৪ | **“লাল দীঘির পাড় রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (আন্দরকিল্লা জংশন থেকে লাল দিঘীর পাড় পর্যন্ত)”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৫০০.০০ লক্ষ টাকা ব্যয়ে ২৪৩.৮৩ মিটার দৈর্ঘ্যের সড়কটি প্রশস্থকরণ এবং ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ মে, ২০১১ হতে ডিসেম্বর, ২০১১।<br><br>চিত্র-১৪: আন্দরকিল্লা জংশন হতে লালদীঘি জংশন পর্যন্ত রোড সম্প্রসারণ ও উন্নয়ন । |

| | |
|---|---|
| ১৫ | **“মোহরা শিল্প এলাকার রাস্তার উন্নয়ন ও নালা নির্মাণ কাজ”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৬০০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৩ কি:মি দৈর্ঘ্যের রাস্তার উন্নয়ন ও নালা নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১১।<br><br>চিত্র-১৫: মোহরা শিল্প একার রাস্তার উন্নয়ন ও নালা নির্মাণ কাজ। |
| ১৬ | **“বহদ্দারহাট জংশনে ফ্লাইওভার নির্মাণ”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ১৪৪১৮.০৭ লক্ষ টাকা ব্যয়ে ১৩৩১.৬০ মিটার দৈর্ঘ্য ও ১৪ মিটার প্রস্থ বিশিষ্ট ফ্লাইওভার নির্মিত, বাস্তবায়নকালঃ জানুয়ারী, ১০ হতে জুন, ২০১৪।<br> <br>চিত্র-১৬: বহদ্দারহাট জংশনে ফ্লাইওভার নির্মাণ। |

| | |
|---|---|
| ১৭ | **“আরাকান রোডের উন্নয়ন ও সংস্কার প্রকল্প (বহদ্দারহাট জংশন থেকে কালুরঘাট ব্রীজ পর্যন্ত)”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ২৪৭৫.৪৯ লক্ষ টাকা ব্যয়ে ৬.৩০ কি:মি  দৈর্ঘ্য ও ৩০.৪৮ মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তার সংস্কার ও উন্নয়ন, বাস্তবায়নকালঃ নভেম্বর-১১ হতে ডিসেম্বর-১৪।<br><br>চিত্র-১৭: আরাকান রোডের উন্নয়ন ও সংস্কার প্রকল্প |
| ১৮ | **“বঙ্গবন্ধু এভিনিউ”** (**অক্সিজেন-কুয়াইশ সংযোগ সড়কের সম্প্রসারণ ও উন্নয়ন)**” শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৪৫০০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৫.৫ কি:মি  দৈর্ঘ্য ও ১৮.৩মিটার প্রস্থবিশিষ্ট ড্রেইন, ফুটপাত, ডিভাইডার ও সড়ক বাতিসহ রাস্তা নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৫।<br><br>চিত্র-১৮:“বঙ্গবন্ধু এভিনিউ” (অক্সিজেন-কুয়াইশ সংযোগ সড়কের সম্প্রসারণ ও উন্নয়ন)। |

| | |
|---|---|
| ১৯. | **"বাকলিয়াতে কল্পলোক আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়)"** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ২৭৭০৬.৩৬ লক্ষ টাকা ব্যয়ে ১৩৬৫ টি বিভিন্ন আকারের প্লট নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই ২০০৫ হতে ডিসেম্বর ২০১৩।<br><br>চিত্র-১৯: বাকলিয়াতে কল্পলোক আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়)। |
| ২০. | **"মেহেদীবাগ আবাসিক এলাকায় সিডিএ অফিসার্স কোয়াটার নির্মাণ"** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ১৮০৩.৮৪ লক্ষ টাকা ব্যয়ে চউক কর্মকর্তাদের আবাসনের জন্য ১৫ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৯ তলা ভবন নির্মিত (২৪ টি ফ্ল্যাট), বাস্তবায়নকালঃ জানুয়ারি, ২০০৯ হতে ডিসেম্বর, ১৪।<br> <br>চিত্র-২০: মেহেদীবাগ আবাসিক এলাকায় সিডিএ অফিসার্স কোয়াটার নির্মাণ। |

২১. **“চট্টগ্রাম বিপনী বিতানে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প (‘বি’ ব্লক)”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৪৫৩৩.৭৯ লক্ষ টাকা ব্যয়ে ১০ তলা বাণিজ্যিক ভবনে (৪০৫ টি দোকান ও অফিস স্পেস -১৪,৫৭৭৩৬.৮৬৪ বর্গফুট) নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ০৫ - জুন, ২০১৫।



চিত্র-২১: বিপনী বিতানের আধূনিকায়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ (এ ব্লক)।

২২.

“**অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (কুলগাঁও**)” শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে **৩৭৬০২.০৩** লক্ষ টাকা ব্যয়ে **১৭৪২** টি বিভিন্ন আকারের প্লট নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ২০০৫ হতে ডিসেম্বর, ২০১৬।



চিত্র-**২২**: অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (কুলগাঁও)।

| | |
|---|---|
| ২৩ | **“কাজীর দেউড়ী কাঁচা বাজার ও এপার্টমেন্ট কমপ্লেক্স নির্মাণ”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৬১৫৬.৯৩ লক্ষ টাকা ব্যয়ে ক্রমবর্ধমান বাণিজ্যিক অবকাঠামোর চাহিদা পূরণ, আবাসন সমস্যা নিরসন ও আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে বাণিজ্যিক কাম আবাসিক ভবন (৬৪টি ফ্ল্যাট) নির্মাণ। বাস্তবায়নকাল : জানুয়ারী’০৮-জুন,২০১৭<br> <br>চিত্র-২৩: কাজীর দেউড়ী কাঁচা বাজার ও এপার্টমেন্ট কমপ্লেক্স নির্মাণ। |
| ২৪. | **“ডেভেলপমেন্ট অব সিলিমপুর রেসিডেন্সিয়াল এরিয়া এক্সটেনশন (ইস্ট) এট সিলিমপুর, চট্টগ্রাম”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৩৩০৭.৯৩ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম নগরীর ক্রমবর্ধমান আবাসনের চাহিদা ও অভাব পূরণের লক্ষ্যে সিলিমপুর এলাকায় ৭৩ টি আবাসিক প্লট নির্মাণ। বাস্তবায়নকাল:- সেপ্টে:২০১৩-জুন ২০১৮<br><br>চিত্র-২৪: ডেভেলপমেন্ট অব রোড নেটওয়ার্ক এট মোহরা, চিটাগং। |

২৫. **“সল্টগোলা পতেঙ্গা রোডের পার্শ্বে কর্মজীবি নারীদের আবাসনের লক্ষ্যে ডরমিটরী ও কমার্শিয়াল ভবন নির্মাণ’** শীর্ষক প্রকল্পের আওতায় ৯২০১.৮৬ লক্ষ টাকা ব্যয়ে ৫টি ৬ তলা বিশিষ্ট মহিলা ডরমিটরী ভবন নির্মাণ কাজ সমাপ্ত করে BGMEA কে হস্তান্তর করা হয়েছে এবং ১টি ৬ তলা Commercial ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এর ফলে গার্মেন্টস সেক্টরে কর্মজীবি প্রায় ১০০০ জন নারী শ্রমিক এর আবাসন এর সুযোগ সৃষ্টি হয়েছে। প্রকল্পটি জুন’২০২১ এ সমাপ্ত হয়েছে।





চিত্র-২৫: সল্টগোলা কর্মজীবী নারীদের জন্য ডরমেটরী ও বাণিজ্যিক ভবন নির্মাণ

২৬ **“অক্সিজেন ও কুয়াইশ জংশনে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ম্যুরাল নির্মাণ”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ১২০.০০ লক্ষ টাকা ব্যয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি সম্বলিত সুদৃশ্য ম্যুরাল নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই**,** ২০১৩ হতে ডিসেম্বর**,** ২০১৫।





চিত্র-২৬: অক্সিজেন ও কুয়াইশ জংশনে বঙ্গাবন্ধুর ছবি সম্বলিত ম্যুরাল নির্মাণ।


| | |
|---|---|
| ২৭. | **“সিডিএ পাবলিক স্কুল এন্ড কলেজ, এট চান্দগাঁও আবাসিক এলাকা”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৫০০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৪ তলা বিশিষ্ট সর্বমোট ২০০০০ বর্গফুটের একটি নতুন স্কুল ভবন নির্মিত, বাস্তবায়নকালঃ জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১১। <br>    <br> চিত্র-২৭: সিডিএ পাবলিক স্কুল এন্ড কলেজ, এট চান্দগাঁও আবাসিক এলাকা উন্নয়ন। |
| ২৮. | **“সিডিএ গার্লস স্কুল এন্ড কলেজ, এট মোহরা”** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ৬০০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৩ তলা বিশিষ্ট সর্বমোট ২৪০০০ বর্গফুটের একটি নতুন স্কুল ভবন নির্মিত, বাস্তবায়নকালঃ জানুয়ারী, ২০১৩ হতে জুন, ২০১৪। <br>   <br> চিত্র-২৮: সিডিএ গার্লস স্কুল এন্ড কলেজ, এট মোহরা। |

| | |
|---|---|
| ২৯ | **বিপনী বিতানের আধুনিকায়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ (এ ব্লক)** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ২৩৫৯.২৪৯ লক্ষ টাকা ব্যয়ে মার্কেটের স্থায়ীত্ব বৃদ্ধি করা এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে একটি পাঁচতলা বিশিষ্ট মার্কেট ভবন নির্মান, ১টি চারতলা বিশিষ্ট টয়লেট ব্লক নির্মান, অত্যাধুনিক ম্যাকানিক্যাল কার পার্কিং নির্মানসহ স্থিত মার্কেট ভবনের সংস্কার কাজ সম্পন্ন করা হয়।<br>বাস্তবায়নকালঃ জানুযারী ০৯-জুন,১৮<br><br>চিত্র-২৮: বিপনী বিতানের আধুনিকায়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ (এ ব্লক) |
| ৩০ | **কনস্ট্রাকশন অফ ১০ স্টোরিড এ্যাপার্টমেন্ট কমপ্লেক্স এট দেওয়ানহাট,চিটাগং** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ২৬০২.০৮লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম নগরীর দেওয়ানহাট এলাকায় ১২ তলা বিশিষ্ট ০১ টি ভবনে মোট ৩৯ টি ফ্ল্যাট নির্মাণ কাজ অন্তর্ভূক্ত রয়েছে।<br>বাস্তবায়নকালঃ মে,২০১৩ হতে জুন, ২০২৩।<br> <br>চিত্র-৯: কন্সট্রাকশন অফ ১০ স্টোরিড এপার্টমেন্ট কমপ্লেক্স এট দেওয়ান হাট, চিটাগং। |

| | |
|---|---|
| **৩১** | **সিরাজউদ্দৌলা রোড হতে শাহ আমানত ব্রীজ  পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ২২০৭১.৮১ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম শহরের অন্যতম সড়ক সিরাজউদ্দৌলা রোড হতে এশিয়ান হাইওয়ে খ্যাত শাহ আমানত সেতু সংযোগ সড়কের সাথে একটি সংযোগ সড়ক তৈরীর লক্ষ্যে ১.৫ কিলোমিটার দীর্ঘ ও ১৮.৩০ মিটার প্রস্থ  বিশিষ্ট রাস্তা নির্মাণ।<br>বাস্তবায়নকালঃ  জুলাই ২০১৬ হতে জুন ২০২৩।<br> <br>চিত্র-৩: সিরাজউদ্দৌলা রোড হতে শাহ আমানত ব্রীজ  পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ (বাকলিয়া এক্সেস) |

# চউকের চলমান প্রকল্প সম্পর্কিত তথ্যাদি

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ |
|---|---|
| **সরকারী অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহ:** | |
| ১ | **Chittagong City Outer Ring Road** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৩৩২৪১৫.০৩ (জিওবি ২৬৮০৫৯.৯৫ লক্ষ জাইকা ৬৪৩৫৫.০৮লক্ষ) লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম শহররে পতঙ্গো হতে সাগরকিা র্পযন্ত ১৫.২০ কিলোমিটার দীর্ঘ কোস্টাল রোড, ১.২০ কিলোমিটার দীর্ঘ ফিডার রোড-১ এবং ০.৯৫ কিলোমিটার দীর্ঘ ফিডার রোড-৩ নির্মাণ।<br>বাস্তবায়নকালঃ জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০২৪। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮০.৩১ %, ভৌত অগ্রগতি ৮২ %।<br> <br>চিত্র-১: Chittagong City Outer Ring Road Project (Patenga to Sagorica) নির্মাণ |
| ২ | **এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন এর বহি:সীমানা দিয়ে লুপ রোড নির্মাণসহ ঢাকা ট্রাংক রোড হতে বায়েজিদ বোস্তামী রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৩৫৩০৪.৩১ (জিওবি ৩২০০৩.৭৮ লক্ষ নিজস্ব অর্থায়ন ৩৩০০.৫৩ লক্ষ) লক্ষ টাকা ব্যয়ে ৬ কি:মি ৪ লেনবিশিষ্ট রাস্তা নির্মাণ, ৩৬৮৫ বর্গমিটার ১টি রেল ওভার ব্রীজ, ৫টি সিঙ্গোল স্প্যান ব্রীজ (২৭৩৬ বর্গমিটার) নির্মাণ, ২০০ রানিং মিটার রিটেইনিং ওয়াল, ৪টি কালভার্ট নির্মাণ ও ৭টি কালভার্ট প্রতিস্থাপন, ৬৮৩০ রানিং মিটার ড্রেন নির্মাণ কাজ অন্তর্ভূক্ত রয়েছে।<br>বাস্তবায়নকালঃ অক্টোবর’ ২০১৩ হতে জুন ২০২৪। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯০.৬৫ %, ভৌত অগ্রগতি ৯৫ %।<br>  |

| | |
|---|---|
| | চিত্র-২: এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন এর বহি:সীমানা দিয়ে লুপ রোড নির্মাণসহ ঢাকা ট্রাংক রোড হতে বায়েজিদ বোস্তামী রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ |
| ৩ | **কর্ণফুলী  নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ২৭৭৯৩৯.৪৭ লক্ষ টাকা ব্যয়ে কর্ণফুলী  নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল র্পযন্ত ৮.৫ কিঃমিঃ র্দীঘ, বর্তমান আর.এল ৪.০০ মিটার হতে ৯.৪০ মিটার (কম/বেশী) উচ্চতা বিশিষ্ট  শহর রক্ষাকারী বাঁধ কাম রাস্তা নির্মাণ।<br>বাস্তবায়নকালঃ  জুলাই, ২০১৭ হতে জুন, ২০২৪। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৮.৯৯%, ভৌত অগ্রগতি ৬০%।<br> <br>চিত্র-৪:  **কর্ণফুলী  নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক** |
| ৪ | **চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নিমাণ** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৪২৯৮৯৫.১১ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম শহরের শিল্পাঞ্চল (ফৌজদারহাট শিল্পাঞ্চল, নাসিরাবাদ শিল্পাঞ্চল ও কালুরঘাট শিল্পাঞ্চল) ও দক্ষিণ চট্রগ্রামের সাথে চট্টগ্রাম বন্দরের সরাসরি যোগাযোগ স্থাপনের লক্ষ্যে চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত ১৬.৫০  কি: মি: দৈর্ঘ্য ও ১৬.৫ মিটার প্রস্থ বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ ।<br>বাস্তবায়নকালঃ  জুলাই, ১৭-জুন, ২০২৪। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৭.০৫%, ভৌত অগ্রগতি ৮০%।<br> <br>চিত্র-০৫: কনষ্ট্রাকশন অফ এলিভেটেড এক্সপ্রেস ওয়ে (লালখাঁন বাজার হতে শাহ-আমানত আন্তর্জাতিক বিমান বন্দর পর্যন্ত) |

| | |
|---|---|
| ৫ | **চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৫৬১৬৪৯.৯০ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম শহররে জলাবদ্ধতা নিরসনকল্পে প্রাথমিক পর্যায়ের আওতায় কর্ণফুলীর নদীর সাথে সংযোগযুক্ত ১৬ টি খাল এবং এসব খালে সংযুক্ত আরো ২০টি খাল সহ মোট ৩৬টি খালের পরিকল্পিত পুন:খনন, সম্প্রসারণ ও উন্নয়ন করা হবে। খালের প্রশস্থতা রক্ষা করার জন্য গুরুত্বপূর্ণ খাল সমূহের পাড় ঘেষে ৮৫.৬৮ কি.মি. সড়ক নির্মাণ করা হবে, যা খাল পরিস্কারের কাজে ভূমিকা রাখা ছাড়াও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রকল্পের আওতায় খালের ফ্রি-ওয়াটার বোর্ড নিশ্চিত করার জন্য ৪৮ টি পিসি গার্ডার ব্রীজ ও ৬ টি কালভার্ট নির্মাণ করা হবে।<br>বাস্তবায়নকালঃ জুলাই, ১৭-জুন, ২০২৩ (প্রস্তাবিত জুলাই ২০১৭ হতে জুন ২০২৪)। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬২.২০%, ভৌত অগ্রগতি ৮৭ %।<br> <br>চিত্র-৬: চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন। |
| ৬ | **প্রিপারেশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন মাষ্টার প্ল্যান (২০২০-২০৪১)** শীর্ষক প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে ৩৩৩২.৮৮ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর আওতাধীন এলাকার উন্নয়ন ও নিয়ন্ত্রনের জন্য মাস্টার প্ল্যান প্রণয়ন করা হবে।<br>বাস্তবায়নকালঃ ফেব্রুয়ারি,২০২০-জুন, ২০২৪। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৪.৫২%, ভৌত অগ্রগতি ৫৩%।<br> <br>চিত্র-৭: **প্রিপারেশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন মাষ্টার প্ল্যান** (২০২০-২০৪১) |
| | |

**নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহ:**

৭ **কন্সট্রাকশন অব সিডিএ স্কয়ার এট নাসিরাবাদ, চিটাগাং** শীর্ষক প্রকল্পের আওতায় চউকের নিজস্ব অর্থায়নে ১৬৭৪৮.০১ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম সিটি কর্পোরশনের অন্তর্গত বায়েজিদ থানাধীন নাসিরাবাদ এলাকায় প্রায় ৬২ কাঠা জমির উপরে তিনটি ভবনে ১৮৪ টি গাড়ি পার্কিং এবং আনুষাঙ্গিক সুবিধাদিসহ ১৬৫টি ফ্ল্যাট নির্মাণ করা হবে।

বাস্তবায়নকালঃ জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০২৪। জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫১.৯৮%, ভৌত অগ্রগতি ৭৮ %।





চিত্র-৮ঃ কন্সট্রাকশন অফ সিডিএ স্কয়ার এট নাসিরাবাদ, চিটাগং।

**১১. প্রাসঙ্গিক ছবিঃ**







চিত্র: বিশ্ব বসতি দিবস -২০২২ পালন





চিত্র: সিডিএ পাবলিক স্কুল এন্ড কলেজে নবনির্মিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ম্যুলার উদ্বোধন





চিত্র: চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা নিরসন প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সমন্বয় সভায়





চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩ তম জন্মবার্ষিকী  এবং জাতীয় শিশু দিবস







চিত্র: চট্টগ্রাম মেট্রোরেল নির্মাণ প্রকল্পের উদ্বোধন





চিত্র: আগামীর শহর সংক্রান্ত আলোচনা সভা






চিত্র: চউক পেনশন সিস্টেম সফটওয়্যার এর উদ্বোধন





চিত্র:চউক চেয়ারম্যান মহোদয়ের সাথে KOICA প্রতিনিধিদলের স্বাক্ষাত






চিত্র: চউক ও ওয়াটার এইড এর মধ্যে এমওইউ সাইনিং অনুষ্ঠান





চিত্র: জহুর আহমেদ চৌধুরী ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন সিডিএ কর্তৃক নির্মিত ইনডোর ক্রিকেট কমপ্লেক্স এর শুভ উদ্বোধন






চিত্রঃ শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২০-২১ ও ২০২১-২২






চিত্রঃ শেখ রাসেল দিবস পালন







চিত্রঃ "নিরাপদ, টেকসই ও অন্তর্ভুক্তমূলক মহাপরিকল্পনার অংশীজন সভা

| | |
|---|---|
|  |  |
| চিত্র: জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা। | |